# উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র
## (উৎপাদন ব্যবস্থাপনা)
কোর্স কোড: HSC-1888

## পরিভাষা (Terminology)

**ইউনিট-০১: উৎপাদন**

স্বত্বগত উপযোগ : পণ্যদ্রব্যের মালিকানা পরিবর্তনে সৃষ্টি হয় স্বত্বগত উপযোগ।
স্থানগত উপযোগ : উৎপাদন স্থান হতে ক্রেতাদের নিকট পৌঁছালে সৃষ্টি হয় স্থানগত উপযোগ।
উপযোগ : কোনো জিনিসের অভাব পূরণের সামর্থ্যই হলো উপযোগ।
উৎপাদন : মানুষের শ্রম ও বুদ্ধিমত্তা দিয়ে প্রাকৃতিক সম্পদের বাড়তি উপযোগ সৃষ্টি করা।
উৎপাদনশীলতা : সর্বনিম্ন সম্পদ ব্যবহার করে সর্বাধিক উৎপাদন করে উৎপাদনশীলতা।
মূলধন : উৎপাদন কাজে ব্যবহৃত সম্পদকে মূলধন বলে।
রূপগত উপযোগ : দ্রব্যের আকার-আকৃতি পরিবর্তনের মাধ্যমে সৃষ্টি করা হয় রূপগত উপযোগ।
সঞ্চয় : ব্যয়ের পর মোট উৎপাদনের যে অংশ অবশিষ্ট থাকে তাই সঞ্চয়।

**ইউনিট-০২: উৎপাদনের উপকরণ**

শ্রম : উৎপাদনকাজে ব্যবহৃত শারীরিক এবং মানসিক পরিশ্রমই।
মূলধন : মানুষের শ্রম দ্বারা উৎপাদিত যা অধিকতর উৎপাদনের জন্য পুনরায় উৎপাদন কাজে ব্যবহৃত হয়।
সংগঠন : উৎপাদন কাজে ব্যবহৃত সকল উপকরণ একত্রিত করাকে বলে- ।
ভূমি : প্রকৃতির মৌলিক ও অক্ষয় উপাদান।
একমালিকানা সংগঠন : একক মালিকানায় গঠিত ও পরিচালিত ব্যবসায়।
অংশীদারি সংগঠন : একাধিক ব্যক্তির মুনাফা অর্জনের উদ্দেশ্যে চুক্তির ভিত্তিতে গঠিত ব্যবসায় সংগঠন।

**ইউনিট-০৩: উৎপাদনের মাত্রা**

কাম্য উৎপাদন মাত্রা : সর্বোচ্চ মিতব্যয়িতায় পণ্য উৎপাদনের ক্ষমতা।
মিতব্যয়ী উৎপাদন মাত্রা : যে মাত্রায় উৎপাদন বৃদ্ধির সাথে সাথে ব্যয়হ্রাস পায়।
পরিবর্তনশীল ব্যয় : প্রতি একক উৎপাদনের সাথে সমান হারে যে ব্যয় পরিবর্তিত হয়।
স্থির ব্যয় : প্রতি একক উৎপাদনে যে ব্যয় পরিবর্তন হয় না।
ক্ষুদ্র প্রতিষ্ঠান : যে প্রতিষ্ঠানে মূলধন ৫০ লাখ থেকে ১০ কোটি টাকায় সীমাবদ্ধ থাকে।
মাঝারি প্রতিষ্ঠান : যে প্রতিষ্ঠানে মূলধন ১০-৩০ কোটি টাকায় সীমাবদ্ধ।

**ইউনিট-০৪: সামষ্টিক পর্যায় উৎপাদন**

সামষ্টিক অর্থনীতি : যে অর্থনীতিতে কোনো দেশের অর্থব্যবস্থা নিয়ে সামগ্রিকভাবে আলোচনা হয়।
উৎপাদন খাত : উৎপাদন খাত হলো কৃষিখাত, শিল্প খাত এবং সেবাখাত।
জাতীয় আয় : যে আয়ে মোট জাতীয় উৎপাদন আর্থিক প্রকাশ করা হয় ।
মাথাপিছু আয় : জাতীয় আয়কে দেশের মোট জনসংখ্যা দ্বারা ভাগ করে মাথাপিছু আয় নির্ণয় করা হয়।
মোট দেশজ উৎপাদন : একবছরে দেশের ভৌগোলিক সীমারেখার মধ্যে উৎপন্ন দ্রব্য ও সেবাকর্মের আর্থিক মূল্য।

**ইউনিট-০৫: উৎপাদন ব্যবস্থাপনা**

| | |
|---|---|
| উৎপাদন ব্যবস্থাপনা | : উৎপাদন সংশ্লিষ্ট ব্যবস্থাপনা কার্যবলী। |
| পণ্য | : যেসব বস্তু মানুষের অভাব পূরণ বা সন্তুষ্টি পূরণে সমর্থ। |
| ভোগ্য পণ্য | : চূড়ান্ত ভোগের উপযোগী পণ্য। |
| শিল্প পণ্য | : চূড়ান্ত ভোগে ব্যবহৃত না হয়ে বরং ভোগ্য পণ্য উৎপাদনের কাজে ব্যবহৃত হয়। |
| উৎপাদনশীলতা | : কোন নির্দিষ্ট মানের উৎপাদিত পণ্য এবং তা উৎপাদনে ব্যবহৃত উপাদানের অনুপাত। |

**ইউনিট-০৬: পণ্য ডিজাইন ও মান ব্যবস্থাপনা**

| | |
|---|---|
| পণ্য ডিজাইন | : পণ্যের আকার-আকৃতি, মানদণ্ড ও প্যাটার্ন নির্ধারণ। |
| পণ্য নকশাকরণ | : উৎপাদিত পণ্যের আকার, ধরণ, মান ইত্যাদি উৎপাদনের পূর্বেই নির্ধারণ। |
| মান | : পণ্যের নির্দিষ্ট গুণগত বৈশিষ্ট্য। |
| মান ব্যবস্থাপনা | : ক্রেতাদের প্রত্যাশা পূরণের ক্ষমতাকে বলে। |
| মান নিয়ন্ত্রণ | : পূর্বনির্ধারিত মান অনুযায়ী উৎপাদন নিয়ন্ত্রণ। |
| উপযোগজনিত খরচ | : প্রতিরোধমূলক ব্যয় ও মূল্যায়ন ব্যয়ের সমষ্টি। |

**ইউনিট-০৭: উৎপাদন ক্ষমতা**

| | |
|---|---|
| উৎপাদন ক্ষমতা | : প্রতিষ্ঠানের সামর্থ্যের মধ্যে সর্বোচ্চ পরিমাণ উৎপাদন। |
| উৎপাদন সামর্থ্য | : উৎপাদন ক্ষমতা সিদ্ধান্ত পরিমাপ করে। |
| সর্বোচ্চ উৎপাদন ক্ষমতা | : স্বাভাবিক অবস্থায় নির্দিষ্ট সুযোগ ব্যবহার করে সর্বোচ্চ যে পরিমাণ পণ্য বা সেবা উৎপাদন। |
| কার্যকর উৎপাদন ক্ষমতা | : নির্দিষ্ট সময়ে সকল সুযোগ-সুবিধা ব্যবহার করে মিতব্যয়িতার সাথে সর্বোচ্চ উৎপাদন। |
| পণ্য বৈচিত্রকরণ | : পণ্য উৎপাদন সারিতে একাধিক পণ্যে বা সেবার সমাবেশ। |

**ইউনিট-০৮: ব্যবসায় অবস্থান ও লে-আউট**

| | |
|---|---|
| ব্যবসায়ের অবস্থান | : যে স্থানে ব্যবসায় স্থাপিত ও পরিচালিত হয় তা ব্যবসায়ের অবস্থান। |
| ক্রেতা সন্তুষ্টি | : পণ্য বা সেবার কার্যকারিতা ক্রেতার প্রত্যাশার সমান বা বেশি হলে ক্রেতা সন্তুষ্ট হয়। |
| লে-আউট | : অভ্যন্তরীণ যন্ত্রপাতি ও সেবাসমূহের নকশা হলো- লে-আউট। |
| পণ্য বিন্যাস | : যে বিন্যাসে কার্যকেন্দ্র বা বিভাগগুলোকে একটি রেখার পথে স্থাপন করা হয়। |
| অফিস বিন্যাস | : অফিস স্থানের কাম্য ব্যবহারের লক্ষ্যে অফিসের আসবাবের বিন্যাস। |

# উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র

## (উৎপাদন ব্যবস্থাপনা)

কোর্স কোড: HSC-1888

## মানবণ্টন : পূর্ণমান ১০০

| | | |
|---|---|---|
| ১. সৃজনশীল প্রশ্ন (কাঠামোবদ্ধ) | : | ৬০ নম্বর (৬X১০=৬০) |
| ২. বহুনির্বাচনি প্রশ্ন | : | ৪০ নম্বর (৪X১০=৪০) |
| | | ১০০ নম্বর |

- প্রতিটি সৃজনশীল প্রশ্নের নম্বর ১০ এবং প্রতিটি বহুনির্বাচনি প্রশ্নের নম্বর ১।

- **সৃজনশীল প্রশ্ন:** সৃজনশীল অংশে মোট ৯টি প্রশ্ন থাকবে এবং উত্তর দিতে হবে মোট ৬টি প্রশ্নের।

- **বহুনির্বাচনি প্রশ্ন:** ৪০টি বহুনির্বাচনি প্রশ্ন থাকবে, সব কয়টি প্রশ্নের উত্তর দিতে হবে।

### সৃজনশীল প্রশ্নপত্রের সাধারণ কাঠামো

এতে প্রতিটি প্রশ্নের শুরুতে একটি দৃশ্যকল্প বা উদ্দীপক (Stem) থাকবে যা হতে পারে একটি সাধারণ সূচনা বক্তব্য, চার্ট, সমীকরণ, চিত্র, গ্রাফ ইত্যাদি। দৃশ্যকল্প বা উদ্দীপকের শেষে ৪টি প্রশ্ন থাকবে।
প্রশ্ন ৪টির নম্বর বন্টন হবে নিম্নরূপ:

**(ক) প্রশ্নের মান থাকবে ১**

**(খ) প্রশ্নের মান থাকবে ২**

**(গ) প্রশ্নের মান থাকবে ৩**

**(ঘ) প্রশ্নের মান থাকবে ৪**

প্রতিটি প্রশ্নের এই ৪টি অংশের মোট নম্বর হবে ১০।

# উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র

## (উৎপাদন ব্যবস্থাপনা)

কোর্স কোড: HSC-1888

## সৃজনশীল প্রশ্ন

সময়: ২ ঘন্টা ১০ মিনিট

পূর্ণমান- ৬০

[বিশেষ দ্রষ্টব্য: দক্ষিণ পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। সকল প্রশ্নের মান সমান। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ুন এবং প্রশ্নগুলোর উত্তর দিন। যে কোন **ছয়টি** প্রশ্নের উত্তর দিন।]

নম্বর

১। ২০১৩ সালে আরএমসি ব্রেড লি.-এর উৎপাদিত পণ্যের বার্ষিক মূল্য ছিল ২৫,০০,০০০ টাকা। উক্ত সময়ে প্রতিষ্ঠানটির ব্যবহৃত উপকরণের মূল্য ছিল যথাক্রমে কাঁচামাল ৬,০০,০০০ টাকা; শ্রমিকের বেতন ও মজুরি ১,৭৫,০০০ টাকা এবং অন্যান্য ২,২৫,০০০ টাকা। ২০১৪ সালে উৎপাদিত পণ্যের বার্ষিক মূল্য ছিল ৩৫,০০,০০০ টাকা এবং ব্যবহৃত উপকরণের মূল্য ছিল যথাক্রমে কাঁচামাল ৯,০০,০০০ টাকা; শ্রমিকদের বেতন ও মুজির ৩,০০,০০০ টাকা এবং অন্যান্য ২,৮০,০০০ টাকা।

ক) উৎপাদন কী? ১

খ) প্রতিষ্ঠানের জন্য উৎপাদনশীলতা নির্ণয় করা প্রয়োজন কেন? ২

গ) ২০১৩ সালে আরএমএস ব্রেড লি.-এর মোট উৎপাদানশীলতা নির্ণয় করুন। ৩

ঘ) উৎপাদনশীলতার আলোকে আরএমসি ব্রেড লি.-এর ২০১৩ ও ২০১৪ সালের সামগ্রিক অবস্থার তুলনামূলক বিশ্লেষণ করুন। ৪

২। জনাব রিপন একজন ফুল চাষী। তিনি তার নিজস্ব ১২ বিঘা জমিতে ৮ লক্ষ টাকা ব্যয়ে এবং ৮ জন শ্রমিক নিয়ে বাণিজ্যিক উদ্দেশ্যে ফুলের চাষ করেন। ফুলের চাহিদা বৃদ্ধির ফলে জনাব রিপন ঢাকার শাহবাগে একটি দোকান ভাড়া নিয়ে ফুল বিক্রয় করেন। তিনি উক্ত দোকানে ২ জন কর্মচারী নিয়োগ করেন। কিন্তু ১ জন কর্মচারী প্রায়ই অনুপস্থিত থাকায় ক্রেতাদের সঠিকভাবে সেবা প্রদান সম্ভবপর হয় না। তাই ফুল বিক্রয় ক্রমান্বয়ে হ্রাস পায়। এছাড়াও সঠিক পরিবহন ব্যবস্থাপনার অভাবে ফুল সরবরাহে বিঘ্ন ঘটছে। জনাব রিপন তার ব্যবসায়ের সমস্যা কাটিয়ে উঠার আপ্রাণ চেষ্টা করছেন।

ক) শ্রম কী? ১

খ) 'ভূমি স্থানান্তর করা যায় না' – ব্যাখ্যা করুন। ২

গ) উদ্দীপকে ১ম পর্যায়ের সাফল্যের ক্ষেত্রে উৎপাদনের কোন উপাদানের প্রভাব সবচেয়ে বেশি পরিলক্ষিত হয়? ব্যাখ্যা করুন। ৩

ঘ) 'উদ্দীপকের ২য় পর্যায়ের ব্যর্থতার ক্ষেত্রে সাংগঠনিক অদক্ষতাই একমাত্র দায়ী' – ব্যাখ্যা করুন। ৪

৩। রনি ও বনি দুই বন্ধু। তারা পারস্পরিক বোঝাপড়ার ভিত্তিতে একটি বিস্কুট ফ্যাক্টরি স্থাপন করে। তারা সেখানে ১০০ জন শ্রমিক নিয়োগ করে। ২০১৩ সালে প্রতিষ্ঠানটির বার্ষিক বিক্রয়ের পরিমাণ ছিল ২ কোটি টাকা। পণ্যের গুণগত মান ভালো হওয়ায় ২০১৪ সালে বিক্রি বৃদ্ধি পেয়ে বার্ষিক ৩.৫ কোটি টাকায় উপনীত হয়। বর্ধিত চাহিদা পূরণের জন্য তারা ফ্যাক্টরি সম্প্রসারণ করে এবং প্রয়োজনীয় শ্রমিক নিয়োগ করে। এজন্য তারা প্রয়োজনীয় মূলধন ব্যাংক ঋনের মাধ্যমে সহজেই সংস্থান করে থাকে। তাদের ব্যবসায়ের সফলতা উত্তরোত্তর বৃদ্ধি পাচ্ছে।

ক) উৎপাদন মাত্রা কী? ১

খ) বৃহদায়তন এন্টারপ্রাইজ কীভাবে কর্মসংস্থান বৃদ্ধিতে ভূমিকা রাখে? ২

গ) উদ্দীপকে উল্লিখিত রনি ও বনি ব্যবসায়টি কোন ধরনের? ব্যাখ্যা করুন। ৩

ঘ) 'উৎপাদনের সকল উপাদানের সঠিক সমন্বয়ই ব্যবসায়িক সফলতার পূর্বশর্ত – উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করুন। ৪

৪। ২০১৩ সালে 'ক' দেশের মোট জনসংখ্যা ছিল ১২ কোটি এবং মোট জাতীয় আয় ছিল ৭.৫ লক্ষ কোটি টাকা। ২০১৪ সালে দেশটির অর্থনৈতিক কার্যক্রমের চিত্র ছিল নিম্নরূপ–

মোট জাতীয় উৎপাদন ৯ লক্ষ কোটি টাকা
হস্তান্তর পাওয়া ১০,০০০ কোটি টাকা
অবচয় ২৫,০০০ কোটি টাকা
পরোক্ষ কর ৫০,০০০ কোটি টাকা
সরকারের অর্জিত মুনাফা ২৫,০০০ কোটি টাকা
সরকারের ভর্তুকি ১০,০০০ কোটি টাকা
২০১৪ সালে দেশটির জনসংখ্যা ছিল ১৩.৫ কোটি।

ক) নিট দেশজ উৎপাদন কী? ১
খ) GDP কীভাবে পরিমাণ করা হয়? ব্যাখ্যা করুন। ২
গ) ২০১৪ সালে 'ক' দেশের জাতীয় আয় নির্ণয় করুন। ৩
ঘ) 'জাতীয় আয়ের বৃদ্ধি মানেই মাথাপিছু আয় বৃদ্ধি নয়' – উদ্দীপকের আলোকে উক্তিটির যথার্থতা বিচার করুন। ৪

৫। জনাব করিম একটি কম্পিউটারের যন্ত্রাংশ প্রস্তুতকারী ফ্যাক্টরি স্থাপন করেন। তিনি উৎপাদন কার্যক্রম সঠিকভাবে পরিচালনার জন্য দক্ষ কর্মী নিয়োগ এবং আধুনিক প্রযুক্তি ব্যবহার করেন। তিনি প্রতিযোগিতায় টিকে থাকার জন্য মান নিয়ন্ত্রণ এবং সরবরাহের উপর অধিকতর গুরুত্বারোপ করেন।

ক) সেবা কী? ১
খ) 'প্রতিযোগিতায় টিকে থাকার জন্য কাস্টমাইজেশন অত্যন্ত জরুরি' - ব্যাখ্যা করুন। ২
গ) উদ্দীপকে উল্লিখিত ফ্যাক্টরিতে দ্রব্য না সেবা উৎপাদিত হচ্ছে? ব্যাখ্যা করুন। ৩
ঘ) 'প্রতিযোগিতামূলক পরিবেশে টিকে থাকার জন্য উৎপাদানশীলতার চ্যালেঞ্জ মোকাবিলা করা অত্যন্ত জরুরি' – উদ্দীপকের আলোকে ব্যাখ্যা করুন। ৪

৬। ২০০৮ সাল থেকে লিরিল সাবান বাজারজাত করা হয়। ২০১০ সাল পর্যন্ত লিরিল সাবান সবুজ মোড়কে বাজারজাত করা হয় কিন্তু তা ক্রেতাদের দৃষ্টি আকর্ষণে ব্যর্থ হয়। তাই ব্যাপক গবেষণার পরে ২০১২ সাল থেকে লিরিল সাবান শিশু-কিশোরদের জন্য লাল এবং প্রাপ্ত বয়স্কদের জন্য হলুদ রং-এর মোড়কে বাজারজাত করা হয়। তবে এক্ষেত্রে গুণগত মানের কোনো পরিবর্তন করা হয়নি। লিরিল সাবান বর্তমানে ব্যাপক জনপ্রিয়তা অর্জন করেছে।

ক) পণ্য কী? ১
খ) সঠিক পণ্য ডিজাইন কেন গুরুত্বপূর্ণ? ২
গ) ২০১০ সাল পর্যন্ত লিরিল সাবান কোন ডিজাইন অনুসরণ করে? যুক্তিসহ ব্যাখ্যা করুন। ৩
ঘ) 'লিরিল সাবানের বর্তমান জনপ্রিয়তার কারণ হলো নান্দনিক ডিজাইন' - যুক্তিসহ বিশ্লেষণ করুন। ৪

৭। জনাব সবুজ নারায়ণগঞ্জে একটি স্টিল নির্মাণ কারখানা স্থাপন করেন। তিনি সেখানে ১০০ জন দক্ষ ও অভিজ্ঞ শ্রমিক নিয়োগ করেন। জনাব সবুজ বাজারের তীব্র প্রতিযোগিতার বিষয়ে অত্যন্ত সচেতন। তিনি সঠিক মান নিশ্চিত করার জন্য একটি পরিদর্শন টিম তৈরি করেন, যারা প্রতি সপ্তাহে একবার উৎপাদন প্রক্রিয়া পরিদর্শন করে। এজন্য জনাব সবুজ প্রতিমাসে ৩ লাখ টাকা খরচ করেন। এর ফলশ্রুতিতে জনাব সবুজ কারখানায় উৎপাদিত পণ্য সঠিক মানসম্পন্ন হয় এবং বাজারে ব্যাপক জনপ্রিয়তা অর্জন করে।

ক) গুণগত মান কী? ১
খ) মান ব্যবস্থাপনা কেন গুরুত্বপূর্ণ? ২
গ) জনাব সবুজের ব্যয়িত ৩ লাখ টাকা মান ব্যবস্থাপনা কোন ব্যয়ের অন্তর্ভুক্ত? ব্যাখ্যা করুন। ৩
ঘ) 'মান ব্যবস্থাপনার যথাযথ অনুসরণই প্রাতিষ্ঠানিক সফলতার মূলমন্ত্র' – উদ্দীপকের আলোকে উক্তিটির যথার্থতা বিচার করুন। ৪

৮। জনাব জীবন একটি কলার চিপস তৈরির ফ্যাক্টরি স্থাপনের উদ্যোগ গ্রহণ করে। এজন্য তিনি কেমিক্যাল মুক্ত ও সস্তায় কলা সংগ্রহ এবং একই সাথে কর অবকাশ সুবিধা গ্রহণের লক্ষ্যে বান্দরবানের পাহাড়ি এলাকায় ফ্যাক্টরি স্থাপনের সিদ্ধান্ত গ্রহণ করেন। জনাব জীবন অল্পদিনেই ব্যবসায়িক সফলতা অর্জন করেন।

ক) ব্যবসায়ের অবস্থান কী? ১

খ) উৎপাদন ক্ষমতার কাম্য ব্যবহার গুরুত্বপূর্ণ কেন? ২

গ) জনাব জীবন ব্যবসায়ের অবস্থান নির্বাচনে কোন বিষয়টিকে গুরুত্ব দিয়েছেন? ব্যাখ্যা করুন। ৩

ঘ) 'জনাব জীবনের ব্যবসায়িক সফলতার প্রধান প্রভাবক হলো সঠিক অবস্থান নির্বাচন' – যুক্তিসহ ব্যাখ্যা করুন। ৪

৯। সিগমা শিপ বিল্ডার্স লি. একটি নতুন প্রতিষ্ঠান। তাদের প্রধান কার্যালয় খুলনার রূপসা নদীর তীরে একটি একতলা ভবনে অবস্থিত। অফিসের আয়তন ১০,০০০ বর্গফুট। প্রধান নির্বাহী ও প্রধান প্রকৌশলীর জন্য অফিসের এক প্রান্তে কাঁচ দিয়ে দুটি কক্ষ আছে। অন্যরা দুই সারিতে টেবিল ও চেয়ার নিয়ে বসে। প্রত্যেকের বসার স্থান ৩.৫ ফুট উচ্চতার পার্টিকেল বোর্ড দ্বারা বিভক্ত। সিগমা শিপ বিল্ডার্স লি. প্রাথমিকভাবে শুধু ৫০,০০০ টন ধারণক্ষমতাসম্পন্ন মালবাহী জাহাজ নির্মাণের সিদ্ধান্তে গ্রহণ করে।

ক) মিশ্র বিন্যাস কী? ১

খ) পণ্যের প্রকৃতি কীভাবে বিন্যাসকে প্রভাবিত করে? ২

গ) সিগমা শিপ বিল্ডার্স লি.-এর প্রধান কার্যালয়ে কী ধরনের অফিস বিন্যাস ব্যবহার করা হয়েছে? ব্যাখ্যা করুন। ৩

ঘ) ব্যবসায়িক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য সিগমা শিপ বিল্ডার্স লি.-এর উপযুক্ত কারখানা লে-আউট কী হবে? যুক্তিসহ ব্যাখ্যা করুন। ৪

# উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন প্রথম পত্র

## (উৎপাদন ব্যবস্থাপনা)

## বহুনির্বাচনি অভীক্ষা

সময়: ৪০ মিনিট

পূর্ণমান- ৪০

[বিশেষ দ্রষ্টব্য: প্রতিটি প্রশ্নের মান ১]

প্রশ্ন পত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।

১। জাতীয় শিল্পনীতি ২০১০ অনুযায়ী উৎপাদনকারী মাঝারি এন্টারপ্রাইজের কর্মী সংখ্যা কত জন?

- ২৫-৫০
- ৫০-১৯৯
- ৫০-২৫০
- ১০০-২৫০

২। নিচের কোনটিতে ভৌগোলিক সীমারেখার বাইরের আয় হিসাব বহির্ভূত থাকে?

- GDP
- GNP
- NNP
- NI

৩। জনাব রাসেল নারায়ণগঞ্জে একটি জাহাজ নির্মাণ কারখানা স্থাপন করলেন। তিনি কোন ধরনের বিন্যাস করবেন?

- প্রক্রিয়া
- মিশ্র
- স্থির
- পণ্য

উদ্দীপকটি পড়ুন এবং ৪ ও ৫ নং প্রশ্নের উত্তর দিন।

'তৃপ্তি গার্মেন্টস' কোম্পানিটি প্রতিমাসে বিভিন্ন ডিজাইনের ৪০,০০০ পিস পোশাক তৈরি করে। কিন্তু এ কোম্পানিটি প্রতিমাসে ৫০,০০০ পিস পোশাক তৈরি করতে সক্ষম। এ কারণে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ চিন্তিত হয়ে পড়ে।

৪। উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটির উৎপাদন ক্ষমতার ব্যবহার হার কত?

- ৬০%
- ৭০%
- ৮০%
- ৯০%

৫। কাম্য উৎপাদন নিশ্চিতকরণ উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটির করণীয় হলো−

i) ডিজাইনের ব্যাপারে সচেতন হওয়া ii) বিপণন কার্যের ওপর গুরুত্বারোপ করা iii) শ্রমিকদের প্রেষনা দান

নিচের কোনটি সঠিক ?

- i ও ii
- i ও iii
- ii ও iii
- i, ii ও iii

৬। কোন ডিজাইনে পণ্যের কার্যকারিতা পরিবর্তন হয়?

- ক্রিয়াগত
- নান্দনিক
- উৎপাদন
- প্যাকিং

৭। পণ্য সাজানো থাকে কোন লে-আউটে?

- অফিস
- প্রোডাক্ট
- প্রসেস
- রিটেইল

৮। রুটি তৈরির কারখানায় কোন বিন্যাসটি উপযুক্ত?

- মিশ্র
- প্রক্রিয়া
- স্থির
- পণ্য

উদ্দীপকটি পড়ুন এবং ৯ ও ১০ নং প্রশ্নের উত্তর দিন।

মি. রাফি রাজশাহীতে একটি জুস তৈরির কারখানা স্থাপন করেন। পরিকল্পনা মাফিক জুস তৈরি না হওয়ায়, মালিক ৫ দিন কারখানা বন্ধ রেখে পরিকল্পনা সংশোধন করে জুস তৈরি করলেন।

৯। উদ্দীপকের প্রতিষ্ঠানটি কারখানার অবস্থান নির্ধারণে বিবেচনা করেছে–

i) কাঁচামাল ii) শ্রম iii) উৎপাদন ব্যয়

নিচের কোনটি সঠিক ?

- i ও ii
- i ও iii
- ii ও iii
- i, ii ও iii

১০। মি. রাফির প্রতিষ্ঠানটি ৫ দিন বন্ধ থাকার কারণ কী?

- মান নিয়ন্ত্রণ
- বিলাসিতা
- উৎপাদন
- অপচয়

১১। ব্যবহারের মাধ্যমে উপযোগ নিঃশেষ করাকে কী বলে?

- ভোগ
- বিলাসিতা
- উৎপাদন
- অপচয়

১২। উৎপাদন বৃদ্ধি পেলে কোনটি বৃদ্ধি পাবে?

- চাহিদা
- কর্মসংস্থান
- ভোগ ব্যয়
- বাজারমূল্য

১৩। মি. রিপন পিরোজপুরে একটি বেকারি কারখানা স্থাপন করল। এক্ষেত্রে যে ধরনের উপযোগ সৃষ্টি হয় তা হলো–

- রূপগত
- সেবাগত
- স্থানগত
- স্বত্বগত

১৪। নিচের কোনটি পরিবর্তনশীল ব্যয়?

- নির্বাহীর বেতন
- কাঁচামালের খরচ
- কারখানার ভাড়া
- যন্ত্রপাতির অবচয়

১৫। উৎপাদনশীলতা হলো–

- উপকরণ ও শ্রমের অনুপাত
- শ্রমের ও উপকরণের অনুপাত
- উৎপাদন ও উপকরণের অনুপাত
- উৎপাদন ও উৎপাদনশীলতার অনুপাত

১৬। মূলধনের পারিতোষিককে কী বলে?

- মজুরি
- খাজনা
- সুদ
- ভাড়া

১৭। BSTI কত সালে প্রতিষ্ঠিত হয়?

- ১৯৮৫
- ১৯৮৯
- ১৯৯৪
- ১৯৯৫

১৮। কখন পণ্যের মান নির্ধারণ করতে হয়?

- উৎপাদনের পূর্বে
- উৎপাদন চলাকালীন
- উৎপাদন চলাকালীন
- বাজারজাত করার পূর্বে

উদ্দীফকটি পড়ুন এবং ১৯ ও ২০ নং প্রশ্নের উত্তর দিন।

জনাব রাতুল ঢাকার ধানমন্ডি এলাকায় তার নিজ জমিতে একটি নিত্য প্রয়োজনীয় পণ্যের দোকান স্থাপন করেও সফলতা অর্জন করতে পারেনি। যদিও তিনি বর্তমানে আর্থিক প্রতিষ্ঠানের কাছে ক্ষুদ্র ঋণের আবেদন করেছেন।

১৯। জনাব রাতুলের প্রতিষ্ঠানটি কোন ধরনের?

- এক মালিকানা
- বৃহৎ
- অ-ব্যবসায়িক
- সেবাধর্মী

২০। জনাব রাতুলের ব্যবসায় প্রতিষ্ঠানের ব্যর্থতার কারণ–

i) সুষ্ঠু ব্যবস্থাপনার অভাব ii) শ্রমের স্বল্পতা iii) মূলধনের অপর্যাপ্ততা

নিচের কোনটি সঠিক ?

- ii ও iii
- i ও ii
- i ও iii
- i, ii ও iii

২১। সব মানবীয় ও অমানবীয় সম্পদ একত্রিত করা হয় কীসের মাধ্যমে?

- ভূমির
- শ্রমের
- মূলধন
- সংগঠনের

২২। শ্রম সংরক্ষণ করা যায় না, কারণ–

- এটি ক্ষণস্থায়ী
- এটি দীর্ঘস্থায়ী
- এটির মূল্য আছে
- এটির উপযোগ নেই

২৩। কোনো দেশের আর্থিক বছরে বৈধভাবে উৎপাদিত সব পণ্যের সমষ্টিকে বলে–

- জাতীয় উৎপাদন
- সামষ্টিক উৎপাদন
- ব্যষ্টিক উৎপাদন
- ব্যক্তিগত উৎপাদন

২৪। কোনটি আয় পদ্ধতিতে জাতীয় আয় পরিমাপের সময় বাদ দিতে হয়?

- খাজনা
- মজুরি
- মুনাফা
- হস্তান্তর পাওনা

২৫। পণ্যের ডিজাইন করার সময় কোনটির ওপর গুরুত্ব দেয়া উচিত?

- বিনিয়োগ
- ভোক্তার সংখ্যা
- চলতি ফ্যাশন
- উৎপাদন সময়

২৬। উৎপাদন ব্যবস্থাপনার বর্তমান নাম কী?

- শ্রমিক-কর্মী ব্যবস্থাপনা
- পণ্য ব্যবস্থাপনা
- কার্য ব্যবস্থাপনা
- মান ব্যবস্থাপনা

২৭। কোন ধরনের উৎপাদন ক্ষমতায় যন্ত্রের উৎপাদন ক্ষমতা বিবেচনা করা হয়?

- সর্বোচ্চ
- প্রকৌশলগত
- কার্যকর
- প্রকৃত

২৮। কোনটির মাধ্যমে কারখানার প্রকৃত অবস্থা প্রকাশ করে?

- প্রকৌশলগত উৎপাদন ক্ষমতা
- কার্যকর উৎপাদন ক্ষমতা
- প্রকৃত উৎপাদন ক্ষমতা
- সর্বোচ্চ উৎপাদন ক্ষমতা

উদ্দীপকটি পড়ুন এবং ২৯ ও ৩০ নং প্রশ্নের উত্তর দিন।

মি. রাসেল ৯ কোটি ৮০ লক্ষ টাকা মূলধন ও ৮০ জন শ্রমিক নিয়ে বরিশালের কাশিমপুরে একটি সাইকেল উৎপাদনকারী প্রতিষ্ঠান গড়ে তুলেন। তিনি ক্রেতাদের চাহিদা, পছন্দ ও ক্রয় ক্ষমতা বিবেচনা করে সাইকেল তৈরি করেন। দিন দিন প্রতিষ্ঠানটির পণ্যের চাহিদা বৃদ্ধি পাচ্ছে।

২৯। মি. রাসেলের প্রতিষ্ঠানটি কোন ধরনের?

- ক্ষুদ্র
- মাঝারি
- বৃহদায়তন
- অংশীদারি

৩০। মি. রাসেলের প্রতিষ্ঠানটির সফলতার কারণ–

- উৎপাদন ডিজাইন
- নান্দনিক ডিজাইন
- কার্যগত ডিজাইন
- প্যাকেজিং ডিজাইন

৩১। উৎপাদনের উৎপাদিত উপাদান কোনটি?

- ভূমি
- শ্রম
- মূলধন
- সংগঠন

৩২। কী পরিমাণ উৎপাদন করলে গড় ব্যয় সর্বনিম্ন হয়?

- বৃহদায়তন মাত্রা
- ক্ষুদ্রায়তন
- কাম্য মাত্রা
- মাঝারি মাত্রা

উদ্দীপকটি পড়ুন এবং ৩৩ নং প্রশ্নের উত্তর দিন।

টেলিটক মোবাইল ফোন নেটওয়ার্ক কোম্পানিটি বর্তমানে 2G এর স্থালে 3G সুবিধা প্রদান করায় এ নেটওয়ার্কের ব্যবহার ও মান প্রত্যক্ষভাবে বৃদ্ধি পেয়েছে।

৩৩। উদ্দীপকের উল্লিখিত কোম্পানিটি কোন ধরনের ডিজাইন করেছেন?

- ক্রিয়াগত
- উৎপাদন
- নান্দনিক
- প্যাকিং

উদ্দীপকটি পড়ুন এবং ৩৪ ও ৩৫ নং প্রশ্নের উত্তর দিন।

মি. মিলন স্থানীয় বাজার থেকে হলুদ মরিচসহ বিভিন্ন মসলা জাতীয় পণ্য সংগ্রহ করে প্রক্রিয়াজাত করেন। তারপর বিভিন্ন ধরনের ক্রেতাদের চাহিদা ও পছন্দের দিক বিবেচনা করে প্যাকেট ও বাজারজাত করেন। বর্তমানে তার প্রতিষ্ঠানে ১০০ জন শ্রমিক নিয়োজিত।

৩৪। উদ্দীপকে উল্লিখিত কাজ কোন বিশেষায়িত ব্যবস্থাপনার অন্তর্গত?

- কর্মী
- ক্রয়
- বিপণন
- উৎপাদন

৩৫। উদ্দীপকের কর্মকান্ডের ফলে–

i) কর্মসংস্থান সৃষ্টি হয় ii) প্রাকৃতিক সম্পদের সদ্ব্যবহার হয় iii) উৎপাদনশীলতা বৃদ্ধি পায়

নিচের কোনটি সঠিক ?

- i ও ii
- i ও iii
- ii ও iii
- i, ii ও iii

৩৬। ম্যাগাজিন, খেলনা এগুলো কোন ধরনের পণ্য?

- জরুরি পণ্য
- শপিং পণ্য
- সুবিধা পণ্য
- লোভনীয় পণ্য

৩৭। উপযুক্ত স্থানে ব্যবসায় প্রতিষ্ঠান স্থাপনের প্রধান কারণ কোনটি?

- বিক্রয় বৃদ্ধি
- দক্ষতা বৃদ্ধি
- মূল্য বৃদ্ধি
- মান বৃদ্ধি

৩৮। ব্যবসায়ের অবস্থান নির্বাচন প্রক্রিয়ার শেষ ধাপ কোনটি?

- বিকল্পসমূহ চিহ্নিতকরণ
- বিকল্পসমূহ মূল্যায়ন
- তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ
- সর্বোত্তম বিকল্প নির্বাচন

উদ্দীপকটি পড়ুন এবং ৩৯ ও ৪০ নং প্রশ্নর উত্তর দিন।

'সান মুন ফ্রিজ' কোম্পানিটি সুদক্ষ কারিগর দ্বারা আধুনিক ফ্রিজ বাজারজাত করার সময়, বিক্রয় পরবর্তী তিন বছরের ওয়ারেন্টি দিবে বলে প্রতিশ্রুতি দেয়।

৩৯। উদ্দীপকে উল্লিখিত কোম্পানিটির কোন ধরনের ব্যয় বাড়বে?

- প্রতিরোধমূলক
- মূল্যায়ন
- অভ্যন্তরীণ বিচ্যুতি
- বাহ্যিক ব্যর্থতা জনিত

৪০। উদ্দীপকে গৃহীত পদক্ষেপের ফলে–

i) নিম্নমানের কারণ উদঘাটন হয় ii) পণ্য ডিজাইন সুন্দর হয় iii) বিক্রয়োত্তর সেবা নিশ্চিত হয়

নিচের কোনটি সঠিক ?

- ii ও iii
- i ও ii
- i ও iii
- i, ii ও iii